# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং- ১৯৬/শরীয়ত/ ৭৬২৬ তারিখ: ৬/৯/১২

বিষয় : বিদ্যালয়ের স্বীকৃতির সময়সীমা বৃদ্ধি।

নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, নিম্নোক্ত শর্তসমূহের অধীনে দক্ষিণ ডুবলদিয়া আব্দুর রাজ্জাক উচ্চ বিদ্যালয়-কে ০১/০১/২০১৩ থেকে ৩১/১২/২০১৫ তারিখ পর্যন্ত ৩ (তিন) বছরের জন্য অস্থায়ীভাবে স্বীকৃতির সময়সীমা বৃদ্ধি করা হলো। বিদ্যালয়ে জাতীয় পাঠ্যক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের নির্ধারিত পাঠ্যসূচি ও কেবলমাত্র বোর্ড কর্তৃক অনুমতিপ্রাপ্ত বিষয়সমূহ পাঠদান করতে হবে এবং প্রদত্ত মেয়াদকালের মধ্যে পরবর্তী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধির জন্য ফি জমাসহ আবেদন পেশ ও আরোপিত শর্তাদি পূরণের ব্যবস্থা করতে হবে।

শর্তসমূহ :

১। প্রশিক্ষণবিহীন স্নাতক শিক্ষক/শিক্ষিকাগণকে পর্যায়ক্রমে প্রশিক্ষণে প্রেরণসহ জুনিয়র শিক্ষক/শিক্ষিকাদের শিক্ষাগত যোগ্যতা বৃদ্ধির জন্য বিধি মোতাবেক সুযোগ দিতে হবে।

২। বিদ্যালয়ের স্থায়ী শিক্ষক/শিক্ষিকাগণের জন্য গ্রুপ ইন্স্যুরেন্স ও প্রভিডেন্ট ফান্ড চালু করে বোর্ডকে অবহিত করতে হবে।

৩। একজন প্রশিক্ষণপ্রাপ্ত শরীরচর্চা শিক্ষক নিয়োগ করে শিক্ষার্থীদের আবশ্যিকভাবে খেলাধুলায় অংশগ্রহণ করানো এবং খেলাধুলার মানোন্নয়নে সচেষ্ট হতে হবে।

৪। বিজ্ঞানাগারের জন্য কমপক্ষে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকার প্রয়োজনীয় বৈজ্ঞানিক সরঞ্জামাদি ক্রয় করে ভাউচারসহ সরঞ্জামের তালিকা পেশ করতে হবে।

৫। বিদ্যালয় পাঠাগারে, মানসম্মত বিষয়ভিত্তিক আরো ৩,০০০/- (তিন হাজার) টাকার বই ক্রয় করে ভাউচার ও বইয়ের তালিকা জমা দিতে হবে এবং শিক্ষার্থীদের জ্ঞান প্রসারের লক্ষ্যে তাদের নিকট নিয়মিত বই সরবরাহ করে পাঠাভ্যাস গড়ে তোলার জন্য উৎসাহিত করতে হবে।

৬। খেলাধুলার মাঠ উন্নয়নসহ বিদ্যালয় আঙ্গিনায় ফুলের বাগান তৈরী এবং বিদ্যালয়ের চারপাশে অধিক সংখ্যক মূল্যবান গাছের চারা রোপন করে বিদ্যালয়ের সৌন্দর্য্য ও আয় বৃদ্ধির ব্যবস্থা করতে হবে।

৭। বিদ্যালয়ে স্কাউটিং/গার্লস গাইড প্রবর্তন করে নিয়মিত খেলাধুলা, বিতর্ক প্রতিযোগিতা, সাংস্কৃতিক কার্যক্রমসহ অন্যান্য সহপাঠ্যক্রম কার্যাদির বার্ষিক রিপোর্ট জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে বোর্ডে পাঠাতে হবে।

৮। বিদ্যালয়ে শিক্ষার্থী ও পরীক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি করতে হবে।

প্রাপক: প্রধান শিক্ষক
দক্ষিণ ডুবলদিয়া আব্দুর রাজ্জাক উচ্চ বিদ্যালয়,
পোঃ ডুবিসায়বর, উপজেলাঃ জাজিরা,
জেলাঃ শরীয়তপুর।

স্বাঃ
উপ-বিদ্যালয় পরিদর্শক
পক্ষে-বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

মেমো নং- তারিখ :

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
২। পরিচালক, বেনবেইস নীলক্ষেত, ঢাকা।
৩। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
৪: জেলা প্রশাসক, শরীয়তপুর।
৫: উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
৬। জেলা শিক্ষা অফিসার, শরীয়তপুর।
৭। অফিস কপি।

উপ-বিদ্যালয় পরিদর্শক
পক্ষে-বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন নং-৮৬২৫৭৩০

# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং-৪৬০/ক/অনু:/২০১৪/৭৯৬ তারিখ: ১৬/৭/১৪

বিষয় : ২০১৪-১৫ শিক্ষাবর্ষ থেকে একাদশ শ্রেণীতে পাঠদানের প্রাথমিক অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র: শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭২.৩৩.০২৯.১৪-২৬৪ তারিখ:০৭/০৭/২০১৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা নিম্নোক্ত শর্ত এবং নিম্নলিখিত শাখা ও বিষয়সমূহসহ 'দক্ষিণ ডুবলদিয়া আবদুর রাজ্জাক উচ্চ বিদ্যালয় এন্ড কলেজ' এ ২০১৪-১৫ শিক্ষাবর্ষ হতে একাদশ শ্রেণীতে পাঠদানের প্রাথমিক অনুমতি প্রদান করেছেন। এই অনুমতিকে কোন ক্রমেই স্বীকৃতি বলে গণ্য করা যাবে না।

শাখাসমূহ :

১। মানবিক ২। বিজ্ঞান ২। ব্যবসায় শিক্ষা

বিষয়সমূহ :

| | |
|---|---|
| আবশ্যিক : | ১। বাংলা<br>২। ইংরেজি<br>৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি |
| মানবিক : | ১। ইসলামের ইতিহাস ও সংস্কৃতি<br>২। পৌরনীতি ও সুশাসন<br>৩। অর্থনীতি<br>৪। যুক্তিবিদ্যা |
| বিজ্ঞান : | ১। পদার্থ বিজ্ঞান<br>২। রসায়ন<br>৩। জীববিজ্ঞান<br>৪। উচ্চতর গণিত |
| ব্যবসায় শিক্ষা : | ১। হিসাববিজ্ঞান<br>২। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা<br>৩। উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন<br>৪। কৃষি শিক্ষা |

শর্তসমূহ :

১। অনুমোদনের প্রেক্ষিতে নিয়োগকৃত শিক্ষক-কর্মচারী তথা জনবলের বেতন ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে।

২। এই অনুমতির মেয়াদ আগামী ৩ (তিন) বছর কার্যকর থাকবে।

৩। কলেজের সংরক্ষিত তহবিলে জমাকৃত ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা বোর্ডের পূর্বানুমতি ছাড়া উঠানো যাবে না।

৪। কলেজের দৈনন্দিন খরচ বহনের জন্য সাধারন তহবিলে কমপক্ষে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা সব সময় জমা রাখতে হবে।

৫। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত (নং-শা:৪/১০এম৫০/৮৩/৫৬০(১৫০০০)-শিক্ষা, তারিখ ১০ ই জুন, ১৯৮৪) পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ অধিদপ্তরের বে-সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের হিসাবরক্ষন পদ্ধতি "নির্দেশিকা" অনুসারে ব্যাংকে রাখতে হবে এবং ক্যাশ বহিতে হিসাব সংরক্ষন করতে হবে।

৬। প্রত্যেক অর্থ বছরের শেষে কলেজের জমা খরচের হিসাব রেজিস্টার্ড অডিটর দ্বারা অডিট করাতে হবে এবং অডিট রিপোর্ট বোর্ডে পাঠাতে হবে।

৭। প্রতিষ্ঠানটিতে নিয়োগকৃত সকল শিক্ষক এনটিআরসিএ সনদধারী হতে হবে।

৮। মহিলা কোটা যথাযথভাবে পূরণ করতে হবে।

Kamal

(অপর পাতায় দ্রষ্টব্য....................২)

৯। উচ্চমাধ্যমিক শ্রেণীতে শিক্ষার্থীর সংখ্যা কাম্য পর্যায়ে থাকতে হবে। আসন সংখ্যা- মানবিক শাখায় ন্যূনতম ১০০ জন, বিজ্ঞান শাখায় ৫০ জন এবং ব্যবসায় শিক্ষা শাখায় ন্যূনতম ১০০ জন।

১০। উচ্চমাধ্যমিক পরীক্ষার ফলাফল সন্তোষজনক হতে হবে।

১১। চলতি শিক্ষাবর্ষে (২০১৪-২০১৫) উচ্চমাধ্যমিক পর্যায়ে ছাত্র/ছাত্রী ভর্তি করে যথাসময়ের মধ্যে ভর্তিকৃত শিক্ষার্থীদের প্রয়োজনীয় ফি বোর্ডে জমা করতে হবে।

১২। প্রতিষ্ঠানের (উচ্চমাধ্যমিক পর্যায়) প্রথম অস্থায়ী স্বীকৃতি প্রদানের বিষয়ে নিম্নলিখিত রিপোর্ট ও প্রয়োজনীয় ফি পাওয়ার পর বিবেচনা করা হবে :-

(ক) উপরোক্ত শর্তগুলি পূরণ সংক্রান্ত রিপোর্ট ;

(খ) কলেজের কার্য পদ্ধতি সম্পর্কে সন্তোষজনক পরিদর্শন রিপোর্ট ;

(গ) প্রথম অস্থায়ী স্বীকৃতির ফি বাবদ ১০,০০০/-(দশ হাজার) টাকা বোর্ডের সচিব-এর অনুকূলে ব্যাংক ড্রাফট।

১৩। উপরোক্ত শর্তসমূহ পূরণে ব্যর্থ হলে এ অনুমতি পত্র প্রত্যাহার করা হবে।

ড. শ্রীকান্ত কুমার চন্দ
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন: ৯৬১৫২৩৬ (অফিস)
ইমেইল: ic@dhakaeducationboard.gov.bd

অধ্যক্ষ
দক্ষিণ ডুবলদিয়া আবদুর রাজ্জাক উচ্চ বিদ্যালয় এন্ড কলেজ
জাজিরা,শরীয়তপুর।

**DAKSHIN DUBALDIA ABDUR RAZZAK HIGH SCHOOL & COLLEGE**
**JAJIRA,SHARIATPUR.**

মেমো নং- ৭৫২ তারিখ : ১৬/৭/১৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হল :

১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।
২। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৩। পরিচালক,ব্যানবেইস,নীলক্ষেত,ঢাকা।
৪। জেলা প্রশাসক, শরীয়তপুর।
৫। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কম্পিউটার শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
৭। অফিস কপি।

২০/৭/১৪
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।

২০/৭/১৪